



জুলাই নিয়ে নিলোফারের বক্তব্য প্রত্যাখ্যান করলেন ছাত্রদল সভাপতি



সংরক্ষিত নারী আসনের সদস্য নিলুফার ও ছাত্রদল সভাপতি রাকিব। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থান নিয়ে বিএনপির স্বনির্ভর বিষয়ক সম্পাদক ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির বক্তব্যের কড়া সমালোচনা করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব। তিনি ওই বক্তব্যকে ‘ঘৃণাভরে প্রত্যাখ্যান’ করার কথা জানিয়েছেন।

বৃহস্পতিবার (২ জুলাই) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে নিলোফার চৌধুরী মনিকে উদ্দেশ্য করে রাকিব লেখেন, দীর্ঘদিনের ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে তার অবদান রয়েছে। তবে জুলাই-আগস্টের গণঅভ্যুত্থান নিয়ে সাম্প্রতিক মন্তব্যে ছাত্রদল মর্মান্বিত ও ক্ষুব্ধ।

তিনি বলেন, নিলোফার চৌধুরী মনি জুলাইয়ের চেতনায় বিশ্বাসী একজন রাজনৈতিক বলে তাদের ধারণা। তাই এ বিষয়ে ভবিষ্যতে আরও সংযত ও দায়িত্বশীল বক্তব্য প্রত্যাশা করেন তিনি।

সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশনের টকশোতে নিলোফার চৌধুরী মনি বলেন, জুলাই-আগস্টের আন্দোলনে অংশ নেওয়া অনেকেই একে অপরকে চিনতেন না এবং আন্দোলনের পেছনে একটি পরিকল্পনা ছিল বলে তার ধারণা। একই সঙ্গে তিনি দাবি করেন, আন্দোলনের সময় ব্যবহৃত কিছু স্মাইপার অস্ত্র পুলিশের ছিল না; সেগুলো বাইরে থেকে এসেছে বলে তিনি মনে করেন।

তার এসব বক্তব্য সামাজিক ও রাজনৈতিক অঙ্গনে আলোচনা-সমালোচনার জন্ম দিয়েছে। এরই ধারাবাহিকতায় ছাত্রদল সভাপতি প্রকাশ্যে ওই বক্তব্যের বিরোধিতা করে তা প্রত্যাখ্যান করেন।